

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:10-11-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM:

দ্যা অ্যাসোসিয়েশন অফ সার্জন অফ ইন্ডিয়ার রাজ্য চ্যাপ্টারের দু'দিনের ১৮তম বার্ষিক সম্মেলন গতকাল আগরতলার সরকারি মেডিকেল কলেজের কার্ল ল্যান্ড স্টেইনার অডিটরিয়ামে শুরু হয়। সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা বলেন ত্রিপুরার চিকিৎসকরা অন্য রাজ্যের চিকিৎসকদের তুলনায় কোন অংশে কম নয়। মেধা ও দায়বদ্ধতাকে তাঁরা প্রতিনিয়ত চিকিৎসা পরিষেবার কাজে লাগাচ্ছেন। যার ফলে এখন চিকিৎসার জন্য রোগীদের রাজ্যের বাইরে যাওয়ার প্রবণতা কমেছে। প্রধানমন্ত্রী জনগণের স্বাস্থ্য সুরক্ষার বিষয় যেভাবে জোর দিয়েছেন সেই লক্ষ্যেই রাজ্য সরকারও স্বাস্থ্যপরিষেবার পরিকাঠামো উন্নয়ন ও বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগের ক্ষেত্রেও গুরুত্ব দিচ্ছে। তিনি আরো বলেন রাজ্যের মেডিকেল হাভ করার ক্ষেত্রে সরকার সব ধরনের প্রয়াস চালিয়ে যাচ্ছে। সার্জারিতে বিশেষ করে ওটিতে রোগীর ইনফেকশন মোকাবিলায় সংগঠন যে পদক্ষেপ গ্রহণ করেছে তাঁর প্রশংসা করেন তিনি। অনুষ্ঠানে এসোসিয়েশনের পক্ষ থেকে রাজ্যের বিশিষ্ট সার্জন ডক্টর অমরেন্দ্র দেব বর্মাকে লাইফ টাইম এচিভমেন্ট প্রদান করা হয়। এছাড়া সংগঠনের স্মরণিকার আনুষ্ঠানিক প্রকাশ করে মুখ্যমন্ত্রীও মঞ্চে উপস্থিত অতিথিরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকর্তা ডক্টর সঞ্জীব দেববর্মা, মেডিকেল এডুকেশনের অধিকর্তা ডক্টর এইচ পি শর্মা প্রমুখ।

Petrol:

লামডিং বদরপুর রেল রাস্তায় সাময়িক সমস্যার কারনে এবং NH8-এর সড়কে যান চলাচল স্বাভাবিক না থাকে রাজ্যের পেট্রোপণ্য আমদানি ব্যহত হচ্ছে। তাই সরকারের পক্ষ থেকে পেট্রলের উপর রেশনিং ব্যবস্থা আরোপ করা হয়। দ্বিচক্র জনের জন্য ২০০ টাকা, তিন চাকার জন্য ৪০০ টাকা ও চার চাকার গাড়ীর জন্য ১০০০ টাকা পেট্রোল ডিপো থেকে পাওয়া যাবে। এক বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়েছে।

Youth Festival-West Dist:

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল বামুটিয়া ব্লকের গান্ধীগ্রামের বৈদ্যনাথ মজুমদার কমিউনিটি হলে দু'দিনব্যাপী পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করেন। পরে তিনি বলেন, যুব সমাজকে ক্রীড়া ও সংস্কৃতি ক্ষেত্রে অনুপ্রাণিত করতে যুব উৎসবের গুরুত্ব অপরিসীম। কেন্দ্র ও রাজ্য সরকার যুব শক্তির বিকাশে বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে।

দু'দিনব্যাপী জেলাভিত্তিক যুব উৎসবে পশ্চিম জেলার বিভিন্ন ব্লকের ৭০০ জন যুবক-যুবতী অংশ নিয়েছে। যুব উৎসবে ১৩টি বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২৮-তম রাজ্যভিত্তিক যুব উৎসব আগামী ১৩ নভেম্বর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত উনকোটি জেলায় অনুষ্ঠিত হবে।

CPI (M) leader MLA Jiten Choudhury:

দেওয়ালি রাতে গাড়ি চাপায় মৃত পীযুষ দেবনাথের বাড়িতে গিয়ে গতকাল বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী প্রয়াতের পরিবারে খোঁজ খবর নেন। পরে শ্রী চৌধুরী বলেন সেই দিনের ঘটনার কোন সক্রিয়তা প্রশাসনের তরফ থেকে নিতে দেখা যায়নি। তাই তিনি পরিদর্শনে এসেছেন এবং ঘটনা সম্পর্কে অবহিত হয়েছেন। তিনি এও বলেন ঘটনার পরে এলাকার বিধায়ক তথা মন্ত্রী প্রনজিৎ

সিংহ রায় নিহত পীযুষ দেবনাথ এর বাড়িতে এসেছেন এবং কথা বলেছেন।

NCC officer visited Belonia:

এনসিসি'র ১৩ নম্বর ব্যাটেলিয়নের কমান্ডেন্ট কর্ণেল রাজশেখর গতকাল বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের এন সি সি ইউনিট পরিদর্শন করেন। পরিদর্শন শেষে কলেজের বিজ্ঞান ভবনের এক নম্বর হলে এন সি সি ইউনিট সদস্যদের সঙ্গে ঐক্য ও শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা করেন। সভায় কলেজের অধ্যক্ষ মনোরঞ্জন দাস, এন সি সি কলেজ ইউনিটের প্রোগ্রাম অফিসার অধ্যাপক কুলদীপ গোসাঁই উপস্থিত ছিলেন।

ARREST:

অবৈধভাবে ভারতে প্রবেশ করা ছয় জন বাংলাদেশিকে গতকাল আটক করল উদয়পুর রেল পুলিশ। ধৃতদের মধ্যে চারটি শিশু, একজন মহিলা ও একজন পুরুষ। পুলিশ জানিয়েছে তারা বিলোনিয়া দিয়ে রাজ্যে প্রবেশ করেছে। তারা প্রত্যেকে চেন্নাই যাওয়ার জন্য এসেছে।

Special Train :

ছট পূজা উদযাপন শেষে যাত্রীদের ফেরার ভিড় সামলাতে ভারতীয় রেলওয়ে ৫০০টিরও বেশি বিশেষ ট্রেনের ব্যবস্থা করেছে। এক বিবৃতিতে রেলওয়ে বোর্ড বলেছে, ফেরত আসা যাত্রীদের সুবিধার্থে রেলওয়ে ১১ই নভেম্বর পর্যন্ত বিশেষ ট্রেন চালানোর পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য, ১লা অক্টোবর থেকে ৩০ নভেম্বর পর্যন্ত উৎসবের সময় বর্ধিত চাহিদা মেটাতে, ভারতীয় রেল মোট ৭,৭২৪টি বিশেষ ট্রেন ঘোষণা করেছে, যা গত বছরের

তুলনায় ৭৩শতাংশ বেশি। যাত্রীদের সুবিধাজনক ভ্রমণের জন্য রেলওয়ে সুরক্ষা বাহিনী ও স্বেচ্ছাসেবকদেরও মোতায়েন করা হয়েছে।

Manoj Kanti sarkar:

বাইখোড়ার বৃত্তক শিক্ষানিকেতনে এক অনুষ্ঠানের মাধ্যমে বিশিষ্ট শিক্ষাবিদ, রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত শিক্ষক এবং বৃত্তক শিক্ষানিকেতনের প্রতিষ্ঠাতা মনোজ কান্তি সরকারকে, গতকাল সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। গভর্ণমেন্ট পেনশনার্স এসোসিয়েশনের শান্তিরবাজার ইউনিট ও বাইখোড়া সাব ইউনিট আয়োজিত সম্বর্ধনা অনুষ্ঠানে এসোসিয়েশনের শান্তিরবাজার ইউনিট সভাপতি কেশব চন্দ্র বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে মনোজ কান্তি সরকারের হাতে সম্মাননাপত্র ও অঙ্গবস্ত্র তুলে দেন ইউনিট সম্পাদক বিমল কান্তি বৈদ্য।

Kochbihar Trophy:

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় পন্ডিচেরী ২৪৬ রানের বড় ব্যবধানে ত্রিপুরাকে পরাজিত করেছে। নরসিংগড়ের পিটিএ মাঠে গতকাল চতুর্থ তথা শেষ দিনে ৮ উইকেটে ১১০ রান থেকে খেলতে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৩৬ রান করতে সক্ষম হয়।

Weather:

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল কুড়ি দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

* * * * *

* * * * *